মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্তসহ ৯ জন আসামীকে গ্রেফতার করেছে।
মঙ্গলবার দিবাগত রাতভর আজ বুধবার (২৫ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের মধ্যে সাজা মামলায় ২ জন, সিআর মামলায় ১ জন, মাদক মামলায় ১ জন, জিআর মামলায় ১ জন ও দায়ের হওয়া নিয়মিত মামলায় ৪ জন আসামী রয়েছে। মুজিবনগর থানা পুলিশ ৪ জন, সদর থানা পুলিশ ৪ জন ও গাংনী থানা পুলিশ ১ জন আসামীকে গ্রেফতার করেছেন। এদিকে গত ২৪ ঘন্টায় মেহেরপুর সদর থানায় ১ টি ও মুজিবনগর থানায় ৩ টি নিয়মিত মামলা রুজ্জু করা হয়েছে।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এসব আটক অভিযানে নেতৃত্ব দেন।
এসময় ১০০ গ্রাম গাঁজা ও ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার রয়েছে। গ্রেফতারকৃতদের আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মাদক মামলায় দুজন গ্রেফতার

মেহেরপুর সদর ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে মাদক মামলার ২ আসামীকে আটক করেছে।
সোমবার দিবাগত রাতে সদর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশ পৃথক অভিযান চালিয়ে তাদের আটক করেন। আটকদের বিরুদ্ধে মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা রয়েছে। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে ৪০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার তারানগর গ্রামে অভিযান চালিয়ে ৪০ বোতল ফেন্সিডিলসহ ফরজ আলী (৫০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে পুলিশ তাকে গ্রেফতার করে। আটক ফরজ আলী মুজিবনগরের জয়পুর মিশনপাড়ার আব্দুল হাকিমের ছেলে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই বিপ্লব কুমার হালদার, এসআই সুভাষ কুমার রায়, এএসআই মোঃ নাজমুল হাসান, এএসআই মোঃ আসাদুজ্জামান, এএসআই এসএম আলিফ ও সংগীয় ফোর্সসহ তারানগর গ্রামে বিশেষ অভিযান পরিচালনা করেন। এসময় ফরজ আলীর গতিবিধি সন্দেহ হলে তাকে তল্লাশি করে তার কাছে থেকে ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে তাকে উদ্ধারকৃত ফেন্সিডিলসহ থানায় নেওয়া হয়। পরে আটক আসামীর বিরুদ্ধে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হইয়াছে। তাকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

গাংনীর বামন্দীতে ১২ কেজি গাঁজাসহ তিন মাদক কারবারী আটক

মেহেরপুরের গাংনী থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ কেজি গাঁজাসহ তিন মাদক কারবারীকে আটক করেছে।
আজ শনিবার (২২ জানুয়ারী) দুপুরের দিকে গাংনী উপজেলার বামুন্দি পুলিশ ক্যাম্পের উত্তর পাশে জনৈক আশরাফুল এর বাড়ির সামনে অভিযান চালিয়ে গাঁজাসহ তিন মাদক কারবারীকে আটক করেন।
আটকরা হলো, গাংনী উপজেলার খাঁসমহল পশ্চিমপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে বানারুল ইসলাম(২৫), খাঁপাড়া এলাকার হিমা খাঁ’র ছেলে করিম খাঁ (৪০) ও কাথুলি গ্রামের বাজারপাড়া এলাকার জলিল উদ্দীনের ছেলে ফারুক হোসেন (২৬)।
গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই নিঃ) শরীফ হাবিব সঙ্গীয়ফোর্সসহ অভিযান পরিচালনা করেন। আসামীদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরের ১০টি হারানো মোবাইল উদ্ধার করে মালিকদের হাতে তুলে দিেলো পুলিশ

তথ্য প্রযুক্তির সহায়তায় সনাক্ত করে মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া ১০টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে বুঝিয়ে দিলো মেহেরপুর পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরে পুলিশ সুপারের কার্যালয়ে মোবাইল ফোন মালিকদের হাতে মোবাইল গুলো তুলে দেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। মোবাইল গুলো ফেরত পেয়ে মোবাইলের মালিক জেলা পুলিশ ধন্যাবাদ জানিয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শুক্রবার দিবাগত মধ্যে রাতে উপজেলার বামুন্দী নিশিপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান,বামুন্দী নিশিপুর এলাকায় একদল মাদক সেবী মাদক সেবন করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে নিশিপুর গ্রামের খোকন আলীর ছেলে আকুল হোসেন (১৮),এই গ্রামের মহিন উদ্দীনের ছেলে বসির আহমেদ (৩৪),মনিরুল ইসলামের ছেলে রনি (২৩),আব্দুল মতিনের ছেলে হাসিবুল ইসলাম শুভ (৩১),নায়েব আলীর ছেলে আব্দুল হালিম (২০),জিল্লুর রহমানের ছেলে কাবিদুল ইসলাম ওরফে কাদুল (৩৩),নবীছুদ্দীনের ছেলে জহুরুল ইসলামকে (৩৪) গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্ববক আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে মাদক মামলার পলাতক আসামী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে মাদক মামলার পলাতক আসামী বানারুল ইসলামকে
(৩০) গ্রেফতার করেছে পুলিশ।

রবিবার সন্ধ্যায় উপজেলার কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামের একটি চায়ের দোকান থেকে তাকে গ্রেফতার করে ধলা পুলিশ ক্যাম্পের টু আইসি মো: রবিউল ইসলাম। গ্রেফতারকৃত বানারুল ইসলাম খাসমহল পশ্চিমপাড়ার নজরুল ইসলামের ছেলে।

ধলা পুলিশ ক্যাম্পের টু আইসি মো: রবিউল ইসলাম জানান,মাদক মামলায় আদালত কর্তৃক গ্রেফতারী পরোয়ানা আসামী বানারুল ইসলাম খাসমহল গ্রামের একটি চায়ের দোকানে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পরে তাকে গাংনী থানায় নেয়া হয়েছে। সোমবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর উপজেলার হরিরাম গ্রামে অভিযান চালিয়ে ৬ গ্রাম হেরোইনসহ আমিনুল ইসলাম(২৯) ও মোমিন (৩৫) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

গতকাল সোমবার সন্ধ্যায় ডিবির এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে ডিবি পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করেন। অভিযানে এএসআই আহসান হাবীব ও এএসঅঅই ইব্রাহীম বিশ্বাস অংশ নেন।

আটক আমিনুল ইসলাম সদর উপজেলার যাদবপুর গ্রামের আবু বক্করের এবং মোমিন গোভিপুর গ্রামের মৃত নুর মোহাম্মদের ছেলে।

ডিবির ওসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে হরিরামপুর গ্রামে অভিযান চালিয়ে ৬ গ্রাম হেরোইনসহ তাদের আটক করা হয়। আটকের পর তাদের ডিবি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ শেষে মামলা দিয়ে থানায় সোপর্দ করা হয়েছে। তাদের বিরুদ্ধে আরো তিনটি মাদকের মামলার বিচারাধন রয়েছে।